# মজিলা ফায়ারফক্স ইন্টারনেট ব্রাউজারের বিস্ময়

পর্ব : ০২

কার্তিক দাস শুভ

আগের পর্বের আলোচিত বিষয় অ্যাড-অনস ছাড়াও ফায়ারফক্সে রয়েছে আরও নানা সুযোগ-সুবিধা এবং ব্যবহারবিধি। এ পর্বে অ্যাড-অনস ছাড়া অন্যান্য ব্যবহার নিয়ে আলোচনা করা হলো।

**সহজেই প্রবেশ করতে পারবেন প্রয়োজনীয় ওয়েবপেজে :** আপনার প্রয়োজনীয় একটি ওয়েবপেজ কমপিউটার স্ক্রিনে থাকা অবস্থায় Ctrl+D চেপে পরবর্তী ডায়ালগ বক্সে Ok প্রেস করুন। পরে ওপর দিকে Bookmark menue-তে ক্লিক করলে Menue Chart আসবে। তার নিচের দিকে থাকা পেজ লিঙ্কে ক্লিক করলে আপনি প্রয়োজনীয় ওয়েবপেজে পৌঁছে যেতে পারবেন। আবার Bookmark Menue-তে একটি ফোল্ডার করে তাতেও এ লিঙ্কগুলো সেভ করে রাখতে পারবেন। এর জন্য Ctrl+Shift+D প্রেস করুন। এতে Bookmark Menue-তে একটি ফোল্ডার তৈরি হবে এবং পেজ লিঙ্কগুলো এখানেও সেভ করতে পারবেন।

**ফায়ারফক্সের মাস্টার পাসওয়ার্ড :** ফায়ারফক্সের কোনো ওয়েবসাইটে লগইন করার সময় পাসওয়ার্ড সেভ করে রাখার জন্য ব্যবহারকারীর কাছে পারমিশন চায়। সেই সময় পাসওয়ার্ড সেভ করে রাখলে পরে ওই ওয়েবসাইটে লগইন করার সময় নতুন করে কোনো পাসওয়ার্ড লিখতে হয় না। ব্রাউজার স্বয়ংক্রিয়ভাবে পাসওয়ার্ডের ঘরে নির্দিষ্ট পাসওয়ার্ড বসিয়ে দেয়। তবে ওই পিসিতে পরে যেকেউ সেভ করে রাখা পাসওয়ার্ড দেখে ফেলতে পারে। এজন্য ব্রাউজারে একটি সুযোগ রয়েছে। এ মাস্টার পাসওয়ার্ড ছাড়া অন্য কেউ তা দেখার সুযোগ পাবেন না। ফায়ারফক্সে নিজের সেভ করে রাখা পাসওয়ার্ড অন্যের কাছ থেকে নিরাপদ রাখতে প্রথমে একটি মাস্টার পাসওয়ার্ড সেট করে নিতে হবে। এজন্য প্রথমে ফায়ারফক্স টুলস থেকে Option-এ যেতে হবে।

এবার Security ট্যাবে ক্লিক করতে হবে। নিচের দিকে Use a Master Password-এ ক্লিক করতে হবে। পপআপ হিসেবে নতুন একটি পেজ আসবে। সেখানে পাসওয়ার্ড লিখে Ok বাটনে ক্লিক করলে অন্য কোনো ব্যবহারকারী ওই পাসওয়ার্ড ছাড়া ব্রাউজারে সেভ করা অন্য কোনো পাসওয়ার্ড দেখতে পারবে না। ব্রাউজারে সেভ করে রাখা পাসওয়ার্ডগুলো দেখার জন্য Security ট্যাব থেকে View Save Password-এ ক্লিক করতে হবে। পাসওয়ার্ড দেখার জন্য অবশ্যই মাস্টার পাসওয়ার্ডটি আগে লিখতে হবে। এ মাস্টার পাসওয়ার্ডটি ছাড়া কোনো পাসওয়ার্ড দেখা বা মুছে ফেলা যাবে না।

**মাস্টার পাসওয়ার্ড যদি ভুলে যান :** ফায়ারফক্সে মাস্টার পাসওয়ার্ড ব্যবহারের পর কোনো কারণে সেটি ভুলে গেলে বা আগেই যদি কেউ পিসিতে মাস্টার পাসওয়ার্ড সেট করে দিল, তখন ব্যবহারকারীদের বেশ ভুগতে হয়। এ অবস্থায় পাসওয়ার্ডটি জানতে বা উদ্ধার করতে না পারলেও পাসওয়ার্ডটি রিসেট করতে পারবেন। এজন্য প্রথমে chrome://pipki/content/reset-password.xul সাইটে যেতে হবে। রিসেট পাসওয়ার্ড পেজ এলে নিচের দিকে Reset বাটনে ক্লিক করলে নতুন ইনস্টল করা ফায়ারফক্সের মতো মাস্টার পাসওয়ার্ড বক্স খালি হয়ে যাবে।

**ফায়ারফক্সের ব্যকআপ রাখুন :** নতুন করে অপারেটিং সিস্টেম ইনস্টল করলে ব্রাউজারের অতীত ইতিহাস এবং সব সেটিং মুছে যায়। আবার নতুন করে সব সেটিং নির্ধারণ করা বেশ বিরক্তিকর। এ সমস্যা থেকে রেহাই পাওয়ার জন্য ফায়ারফক্সের ব্যাকআপ নিয়ে রাখতে পারবেন। এ কাজটি দুইভাবে করতে পারেন। ০১. অ্যাড-অনসের মাধ্যমে এবং ০২. আপনার পিসির মাধ্যমে।

**মজ ব্যাকআপ অ্যাড-অনসের মাধ্যমে :** ফায়ারফক্স আপডেট করলে বা রি-ইনস্টল করলে অনেক সময় বুকমার্ক মুছে যায়। সে ক্ষেত্রে নতুন করে আবার ওয়েবসাইটের ঠিকানা বুকমার্ক, কুকিজ, পাসওয়ার্ড ও হিস্ট্রিসহ অন্যান্য সেটিং সেভ করে নিতে হবে। এসব ঝামেলা থেকে বাঁচতে আগে থেকে মজিলা ফায়ারফক্সের ব্যাকআপ নিয়ে রাখতে পারেন। মজ ব্যাকআপ অ্যাড-অনস থেকে এ সুবিধা পাবেন। mozbackup.jasnapaka.com থেকে এটি ডাউনলোড করে ফায়ারফক্সে অ্যাড বা ইনস্টল করতে পারবেন।

**পিসির মাধ্যমে ব্যাকআপ নিন :** এ পদ্ধতিতে ব্যাকআপ রাখার জন্য প্রথমে মজিলা ফায়ারফক্সের হোমপেজ অন করুন। এবার ওপরের দিকে মেনু বার থেকে HELP-এ ক্লিক করুন। এখানে Troubleshooting Information-এ ক্লিক করুন। এখানে Open Containing Folder ক্লিক করলে একটি ফোল্ডার খুলবে। ফোল্ডারটির লোকেশন হবে (C:\Documents and Settings\Admin\ Application Data\Mozilla\Firefox\ Profiles\o5thm5tv.default)। এবার এ লোকেশনের সব ফাইল কপি করে ব্যাকআপ হিসেবে অন্য ড্রাইভে রেখে দিতে হবে। ব্যাকআপ প্রক্রিয়াটি এখানেই শেষ হবে। এবার প্রয়োজনে অপারেটিং সিস্টেম নতুন করে সেটআপ করার পর ফায়ারফক্স রি-ইনস্টল করতে হবে। ফায়ারফক্সের নতুন ট্যাব ওপেন করে অ্যাড্রেস বারে about:support লিখে এন্টার চাপতে হবে। এখন আগের ব্যাকআপ করা ফাইলগুলো কপি করে লোকেশন (C:\Documents and Settings\Admin\ Application Data\Mozilla\Firefox\ Profiles\ o5thm5tv.default)-এ পেস্ট করে আগের ফাইলগুলোকে রিপ্লেস করতে হবে। এবার ফায়ারফক্স রিস্টার্ট করলে আগের সব তথ্য ফিরে আসবে।

বিশেষভাবে উল্লেখ্য, এখানে (C:\) হচ্ছে আপনার পিসির অপারেটিং সিস্টেম এবং ফায়ারফক্স ইনস্টল করা ড্রাইভ অর্থাৎ আপনার পিসির অপারেটিং সিস্টেম কোন ড্রাইভে আছে তার ওপর নির্ভর করবে এবং Admin-এর জায়গায় ইউজার নেম ব্যবহার হবে।

**পরিবর্তন করুন ফায়ারফক্সের ডিজাইন :** ইচ্ছে করলে আপনার পিসির ফায়ারফক্সের সাদামাটা ডিজাইনটি পরিবর্তন করে নতুন রংয়ে বা ডিজাইনে সাজাতে পারেন। এজন্য (www.getpersonas.com)-এ ভিজিট করুন। এর হোমপেজে বেশ কিছু ফিচার পাবেন এবং আপকামিং ফিচার সম্বন্ধেও ধারণা পাবেন। এবার পছন্দমতো একটি ফিচারে ক্লিক করুন। পরের উইন্ডোতে ফিচারটি ফায়ারফক্সে অ্যাড বা ইনস্টল করুন। এবার ফায়ারফক্স রিস্টার্ট করুন। এরপর থেকে ফায়ারফক্সটি সেই ফিচারেই রঙিনভাবে প্রদর্শিত হবে।

**অপ্রয়োজনীয় অ্যাড-অনস অপসারণ করুন :** অতিরিক্ত বা অপ্রয়োজনীয় অ্যাড-অনস পিসি থেকে রিমুভ করুন। কারণ অতিরিক্ত অ্যাড-অনস ইন্টারনেটের গতি কমাতে পারে এবং ফায়ারফক্সের সুনির্ধারিত কাজ ব্যাহত হতে পারে। এজন্য ফায়ারফক্সের টুলস মেনু থেকে অ্যাড-অনসে ক্লিক করুন এবং অপ্রয়োজনীয় অ্যাড-অনস রিমুভ করুন।

মজিলা ফায়ারফক্স আবিষ্কারের পর থেকেই গবেষণা চলছে এর নিত্যনতুন সুযোগ-সুবিধা বাড়ানোর জন্য এবং আবিষ্কার হচ্ছে এর নিত্যনতুন সংস্করণ। প্রথম অবস্থায় শীর্ষস্থান দখলকারী ও সাড়া জাগানো এ ব্রাউজারটি বর্তমানে ব্রাউজিংয়ে শীর্ষ অবস্থানে নেই। কিন্তু থেমে নেই এর আপডেটের কাজ। ইতোমধ্যে ফায়ারফক্সের কলিউশন নামে একটি অ্যাড-অনস নিয়ে গবেষণা চালাচ্ছে মজিলা, যার মাধ্যমে ইউজারকে খুব সহজেই ট্র্যাক করা যাবে। বিশেষত নিরাপত্তা রক্ষাকারী বাহিনীর সুবিধার্থে অপরাধীদের ধরার জন্যই এ আবিষ্কার। মজিলার পরিসীমা থেমে নেই। শুধু ফায়ারফক্সের মাধ্যমে বর্তমানে তারা হাত দিয়েছে মোবাইলের অপারেটিং সিস্টেম তৈরির কাজে। স্মার্টফোনে বিটুজি নামে একটি অপারেটিং সিস্টেম ব্যবহার করতে যাচ্ছে তারা। গুগলের তৈরি অপারেটিং সিস্টেম অ্যান্ড্রয়িডের প্রতিদ্বন্দ্বী হিসেবে বিটুজি তৈরি করেছে মজিলা (সূত্র : বিবিসি)।

মাইক্রোসফটের অন্যতম সৃষ্টি ইন্টারনেট এক্সপ্লোরারকে পেছনে ফেলা মজিলার সৃষ্টি ফায়ারফক্স যে বিস্ময় সৃষ্টি করেছিল এবং ব্রাউজারের তালিকায় শীর্ষস্থান দখল করার যে সম্ভাবনা সৃষ্টি করে বাজার মাত করেছিল, এখন দেখার বিষয় গুগলের অ্যান্ড্রয়িডকে কি পেছনে ফেলতে পারবে মজিলার আরেক সৃষ্টি বিটুজি। ফায়ারফক্সের নতুন সংস্করণ এবং নতুন সুযোগ-সুবিধা দিয়ে ব্যবহারকারীদের মধ্যে ব্রাউজার হিসেবে অদূর ভবিষ্যতে হয়তো আবার শীর্ষস্থান দখল করবে মজিলা ফায়ারফক্স কজ

*ফিডব্যাক : unfortunesubho@yahoo.com*